



## ইসলামী মূল্যবোধ ছাড়া শিক্ষা সম্পূর্ণ হতে পারে না

শিক্ষামন্ত্রী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ১১ সোমবার ইসলামী বিশ্ব-  
বিদ্যালয়ের নবনির্মিত শাহ আজি-  
জুর রহমান অডিটোরিয়াম উদ্বোধন  
উপলক্ষে আয়োজিত সভার প্রধান  
অতিথি শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান  
ফারুক বলেছেন, শিক্ষার বিষয়নের  
জন্য ইসলামী জ্ঞানার্জন অপরিহার্য  
ইসলামী মূল্যবোধ ভিন্ন কোনও  
শিক্ষা সম্পূর্ণ হতে পারে না। বত-  
১১ পৃঃ ১১

### ইসলামী মূল্যবোধ

(৯ম পৃঃ পর)

মান সরকার নৈতিকতা ও ইস-  
লামী মূল্যবোধের দৃষ্টি জনশক্তি  
তৈরীর লক্ষ্যেই শিক্ষাব্যবস্থাকে  
একটি স্বদৃঢ় কাঠামোতে রূপ দিতে  
চায় যাতে কোন ইসলাম বিদ্বেষী  
সরকার এসে তা পরিবর্তন করতে  
না পারে। ৬ কোটি টাকা ব্যয়ে  
নির্মিত এই আধুনিক অডিটোরিয়াম  
উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন  
ভিসি প্রফেসর মোস্তাফিজুর রহমান।  
বিশেষ অতিথি ছিলেন শিক্ষা সচিব  
শাহীদুল আলম।